

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে বিদ্যুৎ বিচ্ছিন্ন নয় ঘণ্টা

সেইসাথে ক্যাম্পাসে পানি সংকট

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা
বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি) কুমিল্লার
জাঙ্গালিয়া নামক স্থানে বিদ্যুতের লাইন
যেরামত কাজ করায় ৯ ঘণ্টা বিদ্যুৎ
বিচ্ছিন্ন থাকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়
ক্যাম্পাসসহ আশপাশের এলাকা।
সোমবার সকাল আটটা থেকে বিকাল
পাঁচটা পর্যন্ত বিদ্যুৎ বিচ্ছিন্ন থাকে।
এতে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের আবাসিক
হল, শিক্ষক ডরমেটরি, একাডেমিক
ডবলসহ পানিসংকটে পড়ে গোটা
ক্যাম্পাস। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক
ডবনের কার্যক্রম বিদ্যুতের জন্য
অনেকাংশে ব্যাহত হয়। কয়েক মাস
আগে প্রশাসনিক ডবনে সোলার
প্যানেল লাগান হয়েছিল, সোলার
প্যানেলটি এখন পুরোপুরি কাজ করছে
না বলে জানান একাধিক কর্মকর্তা।

সোমবার সকাল আটটা থেকে
বিদ্যুৎ না থাকায় সকাল দশটার ভিতর
আবাসিক হলগুলো পানিশূন্য হয়ে
পড়ে। দুপুরের খাবারের সময়ও তারা
পানি পান করতে পারেননি। বসবস্তু
শেখ মুজিবুর রহমান হলের আবাসিক
শিক্ষার্থীদের সাথে কথা বলে জানা
যায়, পূর্ব ঘোষণা অনুযায়ী নয় ঘণ্টা
বিদ্যুৎ থাকবে না বিধায় পর্যাপ্ত পানি
মজুদ রাখা দরকার ছিল। কিন্তু হলের
তত্ত্বাবধায়ক এ বিষয়ে উদাসীন
ছিলেন। প্রায়ই এ রকম অবস্থার
সম্মুখীন হতে হয়। হলের নিচে গভীর
নলকূপ স্থাপন জরুরি হয়ে পড়েছে।

বিভিন্ন হলের তত্ত্বাবধায়কের
সাথে কথা বলে জানা যায়, বিদ্যুৎ
বিচ্ছিন্ন করা হবে এমন কোন তথ্য
বিশ্ববিদ্যালয়ের প্রকৌশলীর কার্যালয়
থেকে জানান হয়নি। তবে
বিশ্ববিদ্যালয়ের উপ-সহকারী
প্রকৌশলী (ইলেকট্রিক) মোঃ মিজানুর
রহমান জানান, সোমবার ৯ ঘণ্টা বিদ্যুৎ
থাকবে না, এই তথ্য সকল হল
তত্ত্বাবধায়কসহ ক্যাম্পাসের
অফিসসমূহকে যথাসময়ে অবহিত করা
হয়।